# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

## ২৭৩. গোটা জীবনটাই পরিশ্রম

আপনার জীবনের উত্থান-পতন নিয়ে দুঃখ করবেন না; কারণ, আপনি দুঃখ-কষ্ট এড়াতে পারবেন না।

জীবন সাধারণত কাজ ও দায়িত্বের সাথে সম্পর্ক রাখে; জীবনের অর্থই হলো- কাজ ও দায়িত্ব। সুখ হলো একটি ব্যতিক্রম বা একটি ক্ষণস্থায়ী পর্ব, যা বিক্ষিপ্তভাবে আসে যায়। আপনি এ জীবনের আশা করেন, অথচ আল্লাহ তার বান্দাদের জন্য এটাকে স্থায়ী আবাস হওয়া পছন্দ করেন না।

এ পৃথিবী যদি পরীক্ষার স্থান না হতো তবে এটা রোগ-বালাই ও দুঃখ-কষ্ট মুক্ত হতো। সর্বশ্রেষ্ঠ মানব নবী রাসূলগণের জন্য এটা আরামদায়ক আবাস হতো। আদম (আঃ) এ পৃথিবী ছেড়ে যাওয়ার দিন পর্যন্ত দুঃখ-কষ্ট ও সমস্যার মোকাবেলা করেছেন। নূহ (আঃ)-এর স্বজাতিই তাকে উপহাস করেছে। নবী ইব্রাহীম (আঃ) আগুন দ্বারা ও নিজের পুত্রকে জবাই করার হুকুম (আদেশ) দ্বারা পরীক্ষিত হয়েছেন। নবী ইয়াকুব (আঃ) তার পুত্র থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েছিলেন এবং কাঁদতে কাঁদতে অন্ধ হয়ে গিয়েছিলেন। নবী মুসা (আঃ) ফেরাউনের অত্যাচার সহ্য করেছিলেন এবং পরবর্তীতে তার স্বজাতির অবাধ্যতাও সহ্য করেছিলেন। ঈসা (আঃ) দরিদ্র ছিলেন। নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দারিদ্রতা ও তার স্বজাতির ধৃষ্টতা সহ্য করেছিলেন এবং তিনি তার প্রিয় চাচা হামজা (রাঃ)-এর (মৃত্যু-জনিত) বিয়োগ ব্যথা তীব্রভাবে অনুভব করেছিলেন।

الدُّنْيَا سِجْنُ الْمُؤْمِنِ وَجَنَّةُ الْكَافِرِ

“দুনিয়া মুমিনের জেলখানা ও কাফেরের জান্নাত।”

আর আক্ষরিক অর্থেই ঈমানের কারণে মুত্তাকী, আলেম ও সিদ্দীকদের কারাবন্দী হওয়ার অসংখ্য উদাহরণ রয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7781

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন